

স্মারক নং- ৩২.০২.০০০০.০৫৬.১১.০০৪.১৬-২৫৩

তারিখ : ০৮/১১/২০২১ খ্রি।

## নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন “জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)” শীর্ষক প্রকল্পের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে প্রকল্প মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী মোতাবেক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, গ্রেড-৯ম, সর্বসাকুল্যে বেতন- ৩৫,৬০০/-	০১	-যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী কম্পিউটার সাইন্স/ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল অথবা ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রীধারী/স্নাতকোত্তর ডিগ্রীসহ ৩ বছর মেয়াদী কম্পিউটার সাইন্স ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল অথবা ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রীধারী হতে হবে। ই-কমার্স এন্ড ওয়েব ডিজাইন, নেটওয়ার্ক এডমিনিস্ট্রেশন এ প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। -স্ট্যান্ডার্ড প্রোগ্রামিং এবং স্ট্যান্ডার্ড এ্যাপলিচ্যাড টেস্টে উত্তীর্ণ হতে হবে। -বয়স সীমা ৩০ বছর।
০২	হিসাব রক্ষক, গ্রেড-১৩, সর্বসাকুল্যে বেতন- ১৯,৬০০/-	০১	-যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বাণিজ্যে স্নাতক ডিগ্রীধারী/স্নাতকোত্তর ডিগ্রীসহ ৩ বছর মেয়াদী স্নাতক ডিগ্রীধারী। -এম এস এক্সেল, এক্সেস এ কাজের দক্ষতাসহ কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। -হিসাব রক্ষক হিসেবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে। -বয়স সীমা ৩০ বছর।

### শর্তাবলী :

- নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে [www.mowca.gov.bd](http://www.mowca.gov.bd)-এ আবেদন ফরম পাওয়া যাবে। আবেদনকারীকে ওয়েব সাইট হতে নিম্নোক্ত আবেদন পত্রের ছক A4 সাইজ কাগজে প্রিন্ট করে খালি ঘরগুলো স্বহস্তে/টাইপ করে পূরণ করতে হবে। আগামী ০৯/১২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার পদের আবেদনপত্র ডাকযোগে “সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, কক্ষ নং-৮১১, সচিবালয় লিংক রোড, ঢাকা” এবং হিসাব রক্ষক পদের আবেদনপত্র “প্রকল্প পরিচালক, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা), কক্ষ নং-৬০১, ৬ষ্ঠ তলা, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা এই ঠিকানায় পৌছাতে হবে।
- আগামী ০৯/১২/২০২১খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- প্রার্থীদের আবেদনপত্রের সাথে কোন প্রকার ট্রেজারী চালান/ব্যাংক ড্রাফট প্রযোজ্য হবে না।
- আবেদনপত্রের সাথে ১০ (দশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ১১”x৪” সাইজের একটি অব্যবহৃত খাম সংযুক্ত করতে হবে।
- খামের উপর অবশ্যই স্পষ্টভাবে প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা বা কোন ধরনের সনদপত্র দাখিল প্রযোজ্য হবে না।
- অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- প্রার্থীগণকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র সম্পর্কে প্রবেশপত্র প্রেরণের মাধ্যমে জানানো হবে।
- যৌতুক নেব না/দেব না মর্মে প্রার্থী কর্তৃক একটি অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- আবেদনপত্র বাছাই করে শুধুমাত্র যোগ্য বিবেচিত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- সাক্ষাৎকারের সময় অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।



মোহাম্মদ শহীদুল্লাহ

উপসচিব (উ: ১)

ফোনঃ ২২৩০৮৯৭৭৪